

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'একটি বাড়ি একটি খামার' প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং-এবাএকা/প্রশা/পরিপত্র-২/২৭৯/২০১০- ৫১৮

তারিখঃ ১৮-১০-২০১৮ খ্রি.


অফিস আদেশ

মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন-প্রসূত একটি বাড়ি একটি খামার প্রকল্প দেশব্যাপী প্রতিটি ওয়ার্ডেও ৭৯,৫৭৯ টি গ্রামে গ্রাম উন্নয়ন সমিতি গঠনের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের সরাসরি উপকারভোগী সদস্য ৩৮ লক্ষ ১০ হাজার। যার মাধ্যমে ১ কোটি ৯০ লক্ষের অধিক জনসাধারণ উপকৃত হচ্ছে। প্রকল্পের আওতায় গড়ে ওঠেছে ৪৯৮৭ কোটি টাকার অধিক তহবিল। এ তহবিল ব্যবহার করে প্রকল্পের উপকারভোগী তাদের জীবনমান উন্নয়নে নিরন্তর কাজ করছে। তাদের সহযোগিতা করার জন্য প্রকল্পে নিয়োজিত রয়েছে প্রায় ৭০০০ কর্মকর্তা/কর্মচারী। দেশের প্রত্যন্ত অঞ্চলব্যাপী পরিচালিত এ মহা কর্মসূচী নিয়োজিত সমিতির সদস্য ও কর্মকর্তা/কর্মচারীদের কর্মকাণ্ডে বিভিন্ন ধরনের অভিযোগ উত্থাপিত হয়ে থাকে। প্রকল্পের স্বচ্ছ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তি জরুরি। এ প্রেক্ষিতে উত্থাপিত অভিযোগ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষকে সহায়তা করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাকে অভিযোগ নিষ্পত্তি ফোকালপয়েন্ট নির্ধারণ করা হল।

জনাব নজির আহমদ, উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও সমন্বয়, অতিরিক্ত দায়িত্ব), একটি বাড়ি একটি খামার প্রকল্প
ফোন নম্বর : ০২-৯৩৬২৬৪৫, ০১৯৩৮৮৭৯০০২
ইমেইল : dpdadmin@ebek-rdcd.gov.bd
ওয়েবসাইট : ebek-rdcd.gov.bd

ফোকালপয়েন্ট কর্মকর্তার দায়িত্ব:

- কর্মকর্তা সদর কার্যালয় ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন;
- কর্মকর্তা স্বত:প্রনোদিত হয়ে যে কোন অভিযোগ আমলে নিয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারবেন;
- কর্মকর্তা অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তি সংক্রান্ত রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এতদসংক্রান্ত প্রতিবেদন প্রকল্প পরিচালক ও মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন;
- প্রয়োজনে এ কাজে সহযোগিতার জন্য এক বা একাধিক ব্যক্তিকে কো-অপ্ট করা যাবে।


(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

কার্যার্থে অনুলিপিঃ

- উপপ্রকল্প পরিচালক, প্রশাসন ও সমন্বয়/পরিচালনা ও উন্নয়ন/অর্থ ও প্রশিক্ষণ/মনিটরিং ও আইসিটি, এবাএকা।
- জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা।
- উপপরিচালক, বিআরডিবি, (সকল)-----জেলা।
- প্রোগ্রামার-১/২, একটি বাড়ি একটি খামার প্রকল্প, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।
- সহকারী পরিচালক (সকল)/সহকারী প্রোগ্রামার/সহঃ মেইঃ ইঞ্জিনিয়ার, একটি বাড়ি একটি খামার প্রকল্প, ঢাকা।
- উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, (সকল)-----উপজেলা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।